

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ৩, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[ মূল্য সংযোজন কর ]

আদেশ

তারিখ: ১৪ মাঘ ১৪২২ বঙ্গাব্দ/২৭ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ আগামী ২০ জানুয়ারি হইতে ১৫ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ পর্যন্ত বিশ্বের ১৬( মোল) টি দেশের অংশহীনে বাংলাদেশের একক একক স্বাগতিকতায় ঢাকা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেটে অনুষ্ঠিত ICC U19 cricket world cup 2016 সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে উক্ত আয়োজনের সাথে প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট অন্যান্য দেশের নাগরিকগণের ভোগ বা ব্যবহারের নিমিত্তে সরবরাহকৃত পণ্য বা সেবার উপর স্থানীয় পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর অব্যাহতি-এর গ্যারান্টি।

নং ০২/মূসক/২০১৬—যেহেতু, ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল (আইসিসি) কর্তৃক আয়োজিত আসন্ন ICC U19 cricket world cup 2016 একটি আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতা ও উহার সহিত দেশের ভাবমূর্তি জড়িত এবং বাংলাদেশের অভ্যন্তরে বিশ্বকাপ ক্রিকেট ভেন্যু নির্বাচনের বিষয়টি দেশের জন্য গৌরবের ও সম্মানজনক; এবং

যেহেতু, বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) জাতীয় পর্যায়ের একটি ক্রীড়া সংগঠক ও দেশের ক্রিকেট অঙ্গনের মানোন্নয়নে সার্বিক দায়িত্ব পালনে নিয়োজিত এবং বর্তমানে আইসিসি কর্তৃক আয়োজিত ICC U19 cricket world cup 2016 এ সক্রিয় অংশহীনের ক্ষেত্রে বিসিবি গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে প্রতিশ্রূতিবদ্ধ;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে আইসিসি এবং তাহাদের পক্ষে বিসিবি'র লোকাল অর্গানাইজিং কমিটি (এলওসি) এর লিখিত প্রত্যয়নপত্রের ভিত্তিতে উহার সহিত প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট নাগরিকগণের ভোগ

(১০২৩)

মূল্য : টাকা ৮.০০

বা ব্যবহারের নিমিত্তে সরবরাহকৃত পণ্য বা সেবার উপর স্থানীয় পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর  
(মূসক) নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথাঃ—

- শর্তঃ** (১) ICC U19 cricket world cup 2016 এর আয়োজন উপলক্ষে বাংলাদেশ  
ক্রিকেট বোর্ড (বিসিবি) কর্তৃক নিবাসী বাংলাদেশী নাগরিক ব্যতীত কেবলমাত্র ইহার  
সহিত প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট অন্যান্য দেশের নাগরিকগণের ভোগ বা ব্যবহারের  
নিমিত্তে পণ্য বা সেবা সরবরাহের উপর এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে; এবং
- (২) স্থানীয় পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর অব্যাহতির বিষয়ে সংশ্লিষ্ট মূল্য  
সংযোজন কর কমিশনারেটকে অবহিত করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিরুর রহমান

চেয়ারম্যান।

---

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)